শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫৪ তারিখঃ ০৫ নভেম্বর '২০২৩খ্রিঃ।

## নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর'-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৯ নভেম্বর'২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে ।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা ।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা ।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা ।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) ।
৮. উপজেলা পরিষদের বাসাবাড়ি ও দোকানঘর সম্পর্কিত আলোচনা ।
৯. বিবিধ।

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [ সদয় উপস্থিতির অনুরোধসহ ]
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
৫। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৬। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর ।
৭। আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য , উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫৪ তারিখঃ ০৫ নভেম্বর' ২০২৩খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ৩ | উপজেলা প্রকৌশলী | |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | 05.11.23 |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১১ | উপজেলা প: প: কর্মকর্তা | |
| ১২ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা | |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | |
| ১৪ | ফরেস্টার, সামাজিক বনায়ন | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) | 05.11.23 |

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

তারিখঃ ০৫ নভেম্বর' ২০২৩খ্রিঃ।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫৪

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [illegible] ৫/১১/২৩ |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [illegible] ৫/১১/২৩ |
| ৩. | চেয়ারম্যান, জহরপুর ইউপি | [illegible] 05.10.23 |
| ৪. | চেয়ারম্যান, বন্দবিলা ইউপি | |
| ৫. | চেয়ারম্যান, রায়পুর ইউপি | |
| ৬. | চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি | [illegible] ৫/১১/২৩ |
| ৭. | চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি | [illegible] ০৫/১১/২০২৩ |
| ৮. | চেয়ারম্যান, দোহাকুলা ইউপি | [illegible] ০৫/১১/২৩ |
| ৯. | চেয়ারম্যান, দরাজহাট ইউপি | [illegible] ০৫/১১/২০২৩ |
| ১০. | চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি | [illegible] ৫/১১/২০২৩ |
| ১১. | চেয়ারম্যান, জামদিয়া ইউপি | [illegible] |

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫৪

তারিখঃ ০৫ নভেম্বর' ২০২৩খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | মেয়র, বাঘারপাড়া পৌরসভা | |

স্মারক নং/ উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩
মাসের মাসিক সাধারণ সভার উপস্থিতি

সভাপতি ঃ জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ ও সময়ঃ ০৯/১১/২০২৩ খ্রিঃ বৃহস্পতিবার বেলা-১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগণের স্বাক্ষর :-

১। মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ →

২। বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান " " → [signature] ০৯/১১/২৩

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া → [signature]

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি → [signature] ০৯.১১.২৩

৫। " বন্দবিলা " →

৬। " রায়পুর " → [signature]

৭। " নারিকেলবাড়ীয়া " → [signature]

৮। " ধলগ্রাম " → [signature]

৯। " দোহাকুলা " →

১০। " দরাজহাট " → [signature]

১১। " বাসুয়াড়ী " → [signature]

১২। " জামদিয়া " → [signature]

উপস্থিত বিভাগীয় প্রধানগনের স্বাক্ষর (উপস্থিতির ক্রমানুসারে)

সাইয়েদা নাসরিন জাহান উপজেলা কৃষি অফিসার
শামছুল আরেফিন, উপজেলা প্রানিসম্পদ অফিসার -
পলাশ বালা, উপজেলা মৎস্য অফিসার -
মো: আবু হানিফ SAE, DPHE
মো: শফিকুল ইসলাম USSO
জান্নাতুল ফেরদৌস লাবনী, UWAO
মো: ইকবাল হোসেন UFPO
মো: আবু ইলিয়াস, UE
এ.এস. এম. জিল্লুর রশিদ USEO
ডাঃ এস. এম. [illegible] UHFPO
মোহাঃ মোস্তাফিজুর রহমান UCO
মো: আলী আকবর AUEO (মা: প্রা:)
মো: মোশাররফ হোসেন UYDO
মুশতাক আহমেদ PIO
বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ০৯ নভেম্বর ২০২৩ বৃহস্পতিবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব এস.এম জিল্লুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব ডাঃ এম. এম মোস্তফা কাইয়ুম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর
১১) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব মোঃ আলী আকবর, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি । | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্ব অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় । | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমুহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)<br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br>**ক)** মন্ত্রণালয়ে প্রেরণকৃত **উপজেলা পরিষদের গ্যারেজ, মসজিদ, অফিস ও বাসাবাড়ি এর প্রকল্প প্রস্তাবসমূহ বাস্তবায়নঃ** উপজেলা পরিষদের আগষ্ট-২০২৩ মাসের মাসিক সভার অনুমোদনের প্রেক্ষিতে গত ১২ সেপ্টেম্বর-২০২৩খ্রিঃ তারিখের ৪৬.০০.৪১০৯.০০০.১৭.০০৪.২২-৪৩নং স্মারকে উপজেলা পরিষদের মেরামত ও সংস্কার কাজের লক্ষ্যে ০৮টি প্রকল্প প্রস্তবনা স্থানীয় সরকার বিভাগে প্রেরন করা হয় । উক্ত প্রকল্প প্রস্তবনার অংশ বিশেষ খুব শীঘ্রই অনুমোদন সাপেক্ষে মন্ত্রণালয় থেকে বরাদ্দ পাওয়া যেতে পারে, জাতীয় নির্বাচনসহ সমসাময়িক বিভিন্ন পরিস্থিতির প্রেক্ষিতে বর্ণিত কাজসমূহ খুব দ্রুততার সহিত বাস্তবায়ন করতে হবে মর্মে সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় আলোচনাকালে জানানো হয় যে, যদি মন্ত্রণালয়ের সহিত সকল বিষয় ঠিক থাকে তবে উক্ত বরাদ্দ হতে অগ্রাধিকার ভিত্তিতে ১। মোটর সাইকেল গ্যারেজ উন্নয়ন, ২। উপজেলা পরিষদ জামে মসজিদ উন্নয়ন, ৩। উপজেলা পরিষদের গেটের সামনে ড্রেন ও নতুন প্রধান গেটের রাস্তা উন্নয়নসহ অন্যান্য কাজ বাস্তবায়ন করা হবে।<br>উপরোক্ত বিষয়সমূহে বিস্তারিত আলোচনান্তে বর্তমান পরিস্থিতি, সামনে জাতীয় নির্বাচনসহ সমসাময়িক বিষয় বিবেচনাপূর্বক বর্ণিত প্রকল্প প্রস্তবনার প্রেক্ষিতে যদি অর্থ বরাদ্দ পাওয়া যায় তবে সেটাকে উপরে বর্ণিত প্রকল্পসমূহ অগ্রাধিকার প্রদানপূর্বক দ্রুততার সহিত বাস্তবায়নের স্বার্থে কোটেশন টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার লক্ষ্যে সর্বসম্মতিক্রমে অগ্রিম অনুমোদন প্রদান করা হয় । বরাদ্দ প্রাপ্তিরপর দ্রুততার সহিতপ্রকল্পসমূহ বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয় । | ক) প্রকল্প প্রস্তাবসমূহের বিপরীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম অনুমোদন দেওয়া হয় এবং দ্রুততার সহিত প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া<br>৩। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া |
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br>**(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) অক্টোবর-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় । | (ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br><br>কোন সুপারিশ নাই | | |
| ০৭. | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, এডিপি এর পিআইসি'র মাধ্যমে গৃহিত প্রকল্পের কাজ চলমান আছে কাজ শেষ হলে বিল প্রদান করা হবে এবং টেন্ডার আহবান প্রক্রিয়া চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| **খ.স্বাস্থ্য বিভাগ:** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্স এর বহিঃ বিভাগ থেকে ৯৭৪৭ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।এছাড়া জরুরী বিভাগ থেকে ১৩৮০ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৮৪৩ জন রোগীকে অন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৪০ জন, ১৫ জন সিজারিয়ান করা হয়। ৪০১ জন রোগীকে ভায়া পরিক্ষা করা হইয়াছে। এছাড়াও ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতালের প্রশাসন আগামী ১২/০৮/২৩ ইং পর্যমন্ত নির্দেশনা অনুযায়ী ৫০/= টাকা মূল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে এবং ডেঙ্গু আক্রামন্ত রোগীদের জন্য পৃথক পুরয়ষ/মহিলা বেড স্থাপন করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতাল প্রশাসন বর্জ্য ব্যবস্থাপনা এবং ডেঙ্গু প্রতিরোধক সচেতনতামূলক কার্য্যক্রম পরিচালনা করছেন। বাঘারপাড়া উপজেলা স্বাস্থ্য কমপেক্স এই পর্যমন্ত ডেঙ্গু আক্রামন্ত হইয়াছে ১৬৮ জন, সুস্থ্য হয়েছেন ১১১ জন ,৫১ জনকে রেফার করা হয়েছে, এবং ৬ জন রোগী অমন্তঃবিভাগে ভতি আছেন।<br><br>২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৬৩১১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১০০৩ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৯৭৭ জন রোগীকেসেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্য্যত্রম চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **গ.কৃষি বিভাগ:** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিফ-২ মৌসুমে ১৬৭৮০হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ সম্পন্ন হয়েছে। ইতিমধ্যে ৩০% ধান কর্তন সম্পন্ন হয়েছে,ধানের ফলন সন্তোষ জনক। রোপা আমন ধানের জমিতে রোগ ও পোকা মাকড় দমন কার্যক্রমে নিয়মিত আলোক ফাঁদ, উঠান বৈঠাক, স্কোয়ার্ড গঠন, লিপলেট বিতরণ ও বিভিন্ন রকম প্রচার প্রচারণা চলমান আছে। প্রনোদনার আওতায় রবি মৌসুমে সরিষা ৪০০০ জন, মসুর ২৮০জন, শীতকালীন পেঁয়াজ ৫০জন, ভুট্টা ১২০জন, গম ২৩০জন, সূর্যমুখী ১৫জন কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। উক্ত ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উপজেলা কৃষি যন্ত্রপাতি ও কৃষি উপকরণ সংরক্ষণাগার নির্মান কাজের জন্য ভূমি ব্যবহারের বাস্তবতার আলোকে ইতিবাচক দৃষ্টিতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় (৩০à৪০)=১২০০ বর্গ ফুট আয়তনের স্থান নির্বাচন পূর্বক উপজেলা পরিষদের রেজুলেশনের মাধ্যমে দ্রুত প্রস্তুত পূর্বক উক্ত প্রকল্পের কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তার (ভর্তুকি) বিভিন্ন কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুতের কাজ চলমান আছে। সার মনিটরিং এর কার্যক্রম চলমান আছে। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ঘ.মৎস্য বিভাগ: | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহযোগিতায় গত ১৭/১০/২০২৩ খ্রি. তারিখ বন্দবিলা ইউনিয়নে চিত্রা নদীর পার্বতীপুর অংশে, জাদবপুর অংশ, ভোগদূর্গাপুর অংশে মোবাইল কোর্ট পরিচালনা করে বাধপাঁটা অপসারণ ও চায়না দুয়ারী জাল জব্দ করে জন সম্মুখে বিনষ্ট করা হয়। যা মৎস্য সম্পদ বৃদ্ধিতে বিশেষ ভুমিকা রাখবে। প্রশাসনের সহযোগিতায় এধরণের অভিযান/মোবাইল কোর্ট অব্যাহত রাখার প্রয়োজনীয়তা আছে। ১২ অক্টোবর ২০২৩ হতে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সফল ভাবে সমাপ্ত হয়েছে। ১লা নভেম্বর ২০২৩খ্রি. তারিখ হতে ৩০শে জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। সারাদেশের ন্যায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলাতে জাটকা সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কর্মকর্তা। |
| ঙ.প্রাণি সম্পদ বিভাগ: | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর-২০২৩ মাসে ১) কৃত্রিম প্রজননের আওতায় তরল সিমেন-১৮২টি, হিমায়িত সিমেন-৯০০টি, সংকর জাতের বাছুর উৎপাদন-৪৮৩ ২) টিকা প্রদানের আওতায় গবাদি পশু- ৭৭২৪১টি, হাঁসমুরগী-২২৫০০টি, ৩) চিকিৎসা প্রদান গবাদিপুশু-২৬৪১টি, হাঁসমুরগি-৯৮৭৪টি, পোষাপ্রাণী-০২টি, ৫) উঠান বেঠক-০৫টি ৬) খামার পরিদর্শন-১০টি । ৮. গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন-০১টি ৯. দুধ উৎপাদন-২৪৫৮ মে.টন, ১০.মাংস উৎপাদন-১৫৪৭ মে.টন, ১১.ডিম উৎপাদন-০.৩৫ লক্ষ **ছাগলের মাংস রপস্থানির লক্ষ্য সারা দেশে এক যোগে ছাগলের পিপিআর রোগ নির্মুল কার্যক্রমের অংশিদার হিসাবে বাঘারপাড়ায় ৭৬২৮১টি ছাগলকে পিপিআর টিকা দেওয়া হয়েছে। ** সরকারি এনটিআর ( নন ট্যাক্স রেভিনিউ) আয় ক. টিকাবীজ বিক্রয়- ২৯৭৫০/-, খ. কৃত্রিম প্রজনন-৭৬৬০০/-, গ.ডেইরী খামার নিবন্ধন- ৫৭৫/-। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| চ.সমাজসেবা দপ্তর: | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ১। ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তি ২২৬৪০ জনের পেরোল পাঠানো হয়েছে এবং যার ভাতা বিতরন কার্যক্রম চলমান। ২। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। ৩। মোট-৫২৬২ জন ভাতা প্রত্যাশী আবেদন পাওয়া গেছে কিন্তু এখনও পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যাইনি। ৪। মৃত ভাতাভোগীর মৃত সনদ দ্রুত প্রয়োজন। অন্যান্য কার্যক্রম চলমান। | ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ছ.পরিবার পরিকল্পনা বিভাগ: | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৫১৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৮৫১৪(চক্র) কনডম ১০৪৪৯(পিস) ইনজেকটেবল ১১১৫ জন আইইউডি ২৫জন, ইমপ্লান্ট ৬০জন, স্থায়ী পদ্ধতী পুরুষ ০০জন, মহিলা ০৩, মোট ০৩ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জান্যানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক): | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন যথাযথভাবে নির্দেশনা মোতাবেক সকল প্রকার কাযক্রম বাস্তবায়ন হয়েছে। অত্র উপজেলায় শিক্ষাক্রম বিস্তরন বিষয়ক ০৩দিন ব্যাপী প্রশিক্ষণ উপজেলা রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত হচ্ছে। উক্ত প্রশিক্ষণে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকগন পর্যায়ক্রমে অংশ গ্রহন করছে। অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ৩য় প্রান্তিক (বার্ষিক) মূল্যায়ন ১৫ নভেম্বর – ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রক্রিয়া গ্রহন করা হয়েছে। উপজেলা ও জেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ বাছাই প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে, জেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক জনাব মো: এনামুছ ছাঈদ, প্রধান শিক্ষক, ঘোষনগর বাগডাংগা সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্বাচিত হয়ে বিভাগীয় পর্যায়ে অংশ গ্রহন করেছেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| শিক্ষা বিভাগ (মাধ্যমিক): | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া কার্যপত্র প্রদান না করায় তাঁর দপ্তরের কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি । | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতি জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |
| ঞ. পল্লী উন্নয়ন বিভাগ: | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ৪৩৬টি সমিতিরি ১২৪৪৮ জন সমবায়ী/সদস্যের মাঝে ২০২৩-২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪৮.০০ লক্ষ টাকা। এছাড়া ছাতিয়ানতলা গালর্স স্কুল এর ১০জন কিশোরী এবং নারিকেলবাড়িয়া সেবাসংঘ মাধ্যমিক বিদ্যালয়ের ১০০জন কিশোরীসহ মোট-২০০জন কিশোরিকে একদিন ব্যাপি সচেতনতামূলক প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ সামগ্রী প্রদান করা হয়েছে। চলতি আর্থিক বছরে ৩৩৭ জন সদস্যর মধ্যে ১৫৮.৭৫ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৭৯.৪৬ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্মনির্ভশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয় । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ট. যুব উন্নয়ন দপ্তর: | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৫৯১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে চলতি অর্থবছরে আরো ৪২০জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে । যার মধ্য থেকে ৫৪৯৭ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৫৬ জন যুব ও ৬৫২ জন যুব মহিলা সহ মোট ১৭০৮ জন কে যুব ঋণ হিসাবে ৫০৩৪১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ঠ. সমবায় বিভাগ : | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০ টি ও ২৩ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২১-২০২২সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,২৩,০৩০/- টাকা। আদায়কৃত অডিট ফি ১,২৩,০৩০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৮১১২৭/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬৭০৩৫/-টাকা, আদায়ের হার ৮৩%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৪,৫০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/- টাকা মোট ঋণ আদায় ৩৫,৭৯,৪৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৯৫,৩৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ড. মহিলা বিষয়ক দপ্তর: | ০১। **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। জুলাই/২০২৩ হতে ডিসেম্বর-২০২৩ পর্যন্ত মোট ০৬ (ছয়) মাসের খাদ্য বরাদ্দ পাওয়া গেছে। অক্টোবর/২৩ পর্যন্ত খাদ্যশস্যের অর্পণাদেশ (ডি/ও) প্রদান করা হয়েছে। ০২। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের অক্টোবর/২০২৩ পযর্ন্ত বাঘারপাড়া পৌরসভা এবং উপজেলাধীন ০৯ টি ইউনিয়নে বরাদ্দ মোতাবেক অনলাইনে ভাতাভোগী নির্বাচনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ০৩। **ক্ষুদ্রঋণঃ** ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০/- (তেত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। ০৪। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ০৫। **উঠান বৈঠকঃ** বাল্যবিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। ০৬। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা । |

| | | | |
|---|---|---|---|
| ঢ. ত্রাণ বিভাগ: | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে, দ্রুততার সহিত প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ১. ২০২৩-২৪ অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে টেন্ডার কার্যক্রম শেষ। মোট বরাদ্দ প্রতি ইউনিয়নে ২৬ টি করে। এর ৫০% গ্রাহকের নামের তালিকা এমপি মহোদয় দিবেন বাকি ৫০% গ্রাহকের তালিকা ইউনিয়ন ও উপজেলা ওয়াটসান কমিটি সমন্বয় করে দিবেন। সকল প্রতিনিধী গণের কাছে নামের তালিকা চাওয়া হয়েছে। তালিকা পেলেই কাজ শুরু করা যাবে। ২. পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। খুব দ্রুত কাজ শুরু করা হবে। ৩. এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ত. বন বিভাগ | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র না প্রদান করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর |
| ০৯.বিবিধ: | **(ক)** উন্নয়ন কাজ যেন যথাযথভাবে বাস্তবায়ন হয় এবং কাজের মান যেন সন্তোষজনক হয় সেবিষয়ে সুষ্ট তদারকি ও সজাগদৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে চেয়ারম্যান, উপজেলা পরিষদ আহবান জানান। | (ক) যথাযথ তদারকি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) সংশ্লিষ্ট কমিটি |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

## উপজেলা পরিষদ
### বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৫৮** **তারিখঃ ০৯- ১১-২০২৩ খ্রিঃ**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ........................................... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,..............................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

## পরিশিষ্ঠ-গ

### উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

### অক্টোবর-২০২৩

যে সভায় উপস্থাপিতঃ- নভেম্বর-২০২৩

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর আগষ্ট-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ৪০০০০/- | চেক নং ৪৭০৪৬৫৭ তাং ০১.১০.২০২৩ |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর আগষ্ট-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৬৫৮ তাং ০১.১০.২০২৩ |
| ৩. | জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর আগষ্ট-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৬৫৯ তাং ০১.১০.২০২৩ |
| ৪. | মোঃ সোহেল হোসেন, মালী, উপজেলা পরিষদকে আগষ্ট-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১২৬৫০/- | চেক নং ৪৭০৪৬৬০ তাং ০১.১০.২০২৩ |
| ৫. | মোঃ খলিল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে আগষ্ট-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১২৬৫০/- | চেক নং ৪৭০৪৬৬১ তাং ০১.১০.২০২৩ |
| ৬. | জনাব মোঃ পলাশ হোসেন, গাড়ী চালক, উপজেলা পরিষদের জীপগাড়ী সার্ভিসিং কাজের বিল প্রদান | =২০৫০০/- | চেক নং ৪৭০৪৬৬২ তাং ০৪.১০.২০২৩ |
| ৭. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী গাড়ী সাভিসিং বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৪,৫০০/- | চেক নং ৪৭০৪৬৬৩ তাং ০৪.১০.২০২৩ |
| ৮. | কৃষ্ণপদ অধিকারী, বাঘারপাড়া ক্যাবল নেটওর্য়াককে জুলাই- সেপ্টেম্বর-২০২৩ মাসের ইন্টারনেট বিল প্রদান | =৭৫০০/- | চেক নং ৪৭০৪৬৬৪ তাং ১৫.১০.২০২৩ |
| ৯. | মোঃ জিন্নাত আলী, প্রোপাইটার, জান্নাতুল হোটেলকে সেপ্টেম্বর ও অক্টোবর-২০২৩ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান | =৫৩৭০০/- | চেক নং ৪৭০৪৬৬৫ তাং ১৫.১০.২০২৩ |
| ১০. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৬৩০০/- | চেক নং ৪৭০৪৬৬৬ তাং ১৫.১০.২০২৩ |
| ১১. | পঙ্কজ মন্ডল, প্রোপাইটার, দুবাই প্রসাধনীকে জুলাই হতে সেপ্টেম্বর-২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | =১৩৪২৫/- | চেক নং ৪৭০৪৬৬৭ তাং ১৫.১০.২০২৩ |
| ১২. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আনুষাঙ্গিক বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =১৫৭৫/- | চেক নং ৪৭০৪৬৬৮ তাং ১৫.১০.২০২৩ |
| ১৩. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের সেপ্টেম্বর-২৩ অর্থ বছরের বার্ষিক সুদের অর্থ জমার জন্য প্রদান | =৫৫৬২/- | চেক নং ৪৭০৪৬৬৯ তাং ২৩.১০.২০২৩ |

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।